গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শাখা-১১ (মাধ্যমিক-২)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.১০০.১২. ৪০১ তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ / ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

# পরিপত্র

বিষয় : সততা স্টোর গঠন

দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠনতন্ত্র ও কার্যনির্দেশিকা অনুযায়ী তরুণ প্রজন্মের মাঝে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষে দেশব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের নিয়ে ইতোমধ্যে "সততা সংঘ" গঠিত হয়েছে। ছাত্র-ছাত্রীদের মানসিকতা, নৈতিকতা ও সততা দৃঢ়ভাবে লালন করার জন্য সততা শিক্ষা ও এর চর্চা আবশ্যক। এ ক্ষেত্রে দেশের বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের মধ্যে নৈতিক শিক্ষা চর্চার লক্ষে বিক্রেতাবিহীন "সততা স্টোর" চালুর লক্ষে পরিচালনা পর্ষদকে পরামর্শ প্রদান করা হয়েছে, যা উক্ত স্কুলগুলোর শিক্ষার্থীদের মাঝে নৈতিকতা ও আদর্শ গঠনে দৃষ্টান্ত সৃষ্টি করবে। এ লক্ষে মাধ্যমিক পর্যায়ে দেশের প্রতিটি জেলার যে কোন ১টি উপজেলায় ১টি বালিকা বিদ্যালয় এবং ১টি বালক বিদ্যালয় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের উদ্যোগে "সততা স্টোর" স্থাপন, চালু ও ব্যবস্থাপনার বিষয়ে দুর্নীতি দমন কমিশন পরামর্শ প্রদান করেছে। নিম্নে উক্ত স্টোরের গঠন ও কার্যপরিচালনা পদ্ধতি উল্লেখ করা হলো:

১.০ **নাম**-সততা স্টোর।

২.০ **স্থান**-স্কুল ক্যাম্পাসের উপযুক্ত কোন কক্ষ।

৩.০ **অর্থের উৎস**-শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে স্টোরের প্রাথমিক পুঁজি সংগ্রহ ও বিনিয়োগ করবেন।

৪.০ **পণ্যের বিবরণ**- খাতা, কলম, পেন্সিল, রাবার, স্কেল, জ্যামিতি বক্স, রং পেন্সিল, চিপস, বিস্কুট ছাড়াও সততা সংঘের পরিচালনা কমিটির নিকট যে সকল পণ্য ছাত্র-ছাত্রীদের জন্য আবশ্যক বলে প্রতীয়মান হবে।

৫.০ **পরিচালনা কমিটি**- শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত কমিটি এ স্টোর পরিচালনা করবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ নেই, সে সকল প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত তিন জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি এ স্টোর পরিচালনা করবেন।

৬.০ **মূল্য নির্ধারণ পদ্ধতি**-বাজার মূল্যের সমান।

৭.০ **ছাত্র-ছাত্রীদের মালামাল ক্রয়ের নিয়মাবলি**-সততা স্টোরে প্রবেশের পূর্বে নিম্নলিখিত নির্দেশাবলী মেনে চলা প্রয়োজন:

৭.১ স্টোরে প্রবেশের সময় রেজিস্টারে নাম, শ্রেণি ও রোল লিখতে হবে;

৭.২ পণ্যের মূল্য তালিকা দেখে যে সকল জিনিস ক্রয় করা হবে প্রয়োজনে রক্ষিত ক্যালকুলেটরে তার দাম হিসাব করতে হবে;

৭.৩ পণ্যের দাম পরিশোধের জন্য সমপরিমাণ খুচরা টাকা দিতে হবে;

৭.৪ স্টোরের ভিতরে টেবিলে রাখা সাদা কাগজে যে সকল জিনিস কেনা হল তার নাম ও টাকার পরিমাণ লিখে উক্ত কাগজটি ও পণ্যের মূল্য বাবদ পরিশোধিত টাকা উক্ত টেবিলে রাখা একটি খামে ভরে খামটি ক্যাশবাক্সে ফেলতে হবে;

৭.৫ স্টোরে একটি প্রি-অর্ডার বহি থাকবে। যদি চাহিদামত জিনিস না পাওয়া যায় তবে প্রি-অর্ডার বুকে অর্ডার দিতে হবে।

৮.০ **মনিটরিং কমিটি**-উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা ও মহানগরের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক নির্ধারিত কোন কর্মকর্তা, সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলার দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি/সম্পাদক বা তাঁর মনোনীত প্রতিনিধি ও সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট মনটরিং কমিটি গঠিত হবে।

৯.০ **মনিটরিং কমিটির দায়িত্ব**-মনিটরিং কমিটি বিদ্যালয় পরিচালনা পর্ষদের সাথে প্রতিমাসে অন্তত: একবার বৈঠক করে হিসাব-নিকাশ যাচাই ও ক্রয়যোগ্য সামগ্রীর তালিকা প্রণয়নপূর্বক প্রয়োজনীয় অর্থ স্টোর পরিচালনা কমিটির নিকট প্রদান করবে।

চলমান পাতা-০২

১০.০ **স্টোরের মালামাল ক্রয় সংক্রান্ত বিধান**-পরিচালনা পর্ষদের অধিযাচন ও অর্থায়ন মোতাবেক স্টোরের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয় অনুসরণ করতে হবে:

১০.১ ০১ দিন অন্তর অন্তর স্টোর মনিটর করতে হবে;
১০.২ কোনো পণ্যের চাহিদা আছে কিনা তা দেখতে হবে;
১০.৩ নিয়মিত পণ্যাদি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১০.৪ মজুদ লিপিবদ্ধ করা ও নিয়মিত মজুদ পরীক্ষা করতে হবে;
১০.৫ রেজিস্টারে পণ্যের ধরন ও পরিমাণ লিখতে হবে;
১০.৬ পণ্যের গায়ে মূল্য লেবেল লাগাতে হবে;
১০.৭ প্রতি সপ্তাহে অন্তত: একবার ক্যাশ বাক্স খুলে হিসাব করতে হবে;
১০.৮ একটি মূল্য তালিকা স্টোরের দৃশ্যমান স্থানে টানানো থাকতে হবে।

১১.০ এ পরিপত্র শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের পরামর্শক্রমে পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন করা যাবে।

১২.০ এ পরিপত্র জারির দিন থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ২২.৫.২০১৭
**(মো: সোহরাব হোসাইন)**
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.১০০.১২. ৪০১ তারিখ ঃ ০৮ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ / ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, ১ সেগুন বাগিচা, ঢাকা।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার (সকল) ..............................................................।
৯. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০. মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মিরপুর, ঢাকা।
১১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), নায়েম ভবন, ধানমন্ডি, ঢাকা।
১২. যুগ্ম-সচিব (মাধ্যমিক/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৫. যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
১৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২০. জেলা প্রশাসক (সকল) ..............................................................।
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ..............................................................।
২৩. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) ..............................................................।
২৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক .............................................................. ।

22/05/2017

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফানঃ ৯৫৫০৩৪১
ই-মেইলঃ ds_sec2@moedu.gov.bd